

যুগান্তর

প্রিন্ট: ০২ মার্চ ২০২৫, ০১:১৪ পিএম

শিক্ষাজ্ঞান

শহিদদের স্মরণ করে গণতান্ত্রিক ছাত্র সংসদের যাত্রা শুরু



ঢাবি প্রতিনিধি

প্রকাশ: ০১ মার্চ ২০২৫, ১০:৪৯ পিএম



ছবি: সংগৃহীত

জুলাই গণ-অভ্যুত্থানে শহিদদের কবর জিয়ারত করে সাংগঠনিক কার্যক্রম শুরু করেছে গণতান্ত্রিক ছাত্র সংসদ।

শনিবার রাজধানীর মোহাম্মদপুরের রায়েরবাজারে সংগঠনটির কেন্দ্রীয় নেতারা উপস্থিত হয়ে কবর জিয়ারত করেন।

এ সময় উপস্থিত ছিলেন সংগঠনটির কেন্দ্রীয় সদস্য সচিব জাহিদ আহসান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের আহ্বায়ক আব্দুল কাদের ও সদস্য সচিব মহির আলম, মুখ্য সংগঠক হাসিব আল ইসলাম প্রমুখ।

কবর জিয়ারত শেষে জাহিদ আহসান বলেন, গণ-অভ্যুত্থানের পর বাংলাদেশের ছাত্ররাজনীতিতে একটি শূন্যতা তৈরি হয়েছে। মহান স্বাধীনতা যুদ্ধের পর ৫৪ বছরে বাংলাদেশে কোনো সুষ্ঠু ধারার রাজনীতি হয়নি। বরং ছাত্ররাজনীতির নামে ক্যাম্পাসগুলোয় ট্যাগিং কালচার, মাদার পার্টির এজেন্ডা বাস্তবায়নের জন্য পুরো ক্যাম্পাসকে অস্থিতিশীল করে রাখার প্রচেষ্টা দেখেছি।

তিনি বলেন, সেই ধারাবাহিকতায় একটি সুস্থ ধারার মেধা ও মনন এবং দায় ও দরদের রাজনীতি প্রতিষ্ঠার জন্য গণতান্ত্রিক ছাত্র সংসদ যাত্রা শুরু করেছে। আমরা মোহাম্মদপুর রায়েরবাজার জুলাই-আগস্টে শহিদ পরিবার ও যাদের পরিবার তাদের লাশ খুঁজে পায়নি, এমন ব্যক্তিদের কবর জিয়ারত করেছি।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের আহ্বায়ক আব্দুল কাদের বলেন, জুলাই অভ্যুত্থানে শহিদ ও তারুণ্যের স্বপ্ন গণতান্ত্রিক ছাত্র সংসদের ভিত্তি। আমাদের শহিদ ভাই ও সহযোদ্ধারা কাঁধে কাঁধ মিলিয়ে হাসিনার পতন ঘটিয়েছে। একটি গণ-অভ্যুত্থানের দুটি শর্ত থাকে। বিদ্যমান ব্যবস্থা উপড়ে ফেলা এবং নতুন বন্দোবস্ত হাজির করা। আমরা প্রথম দায়িত্ব পালন করেছি। এখন আমাদের দায়িত্ব হলো নতুন বন্দোবস্ত হাজির করা।



